

ফাতওয়া নান্বার: ৩৮৬

প্রকাশকাল: ১৫-০৭-২০২৩ ইং

ফসলের উশর কি যেকোনো দীনী কাজে দেওয়া যাবে?

প্রশ্ন:

ফসলের উশর কি যেকোনো দীনী কাজে দেওয়া যাবে?

-মুহাম্মাদ কিরন

উত্তর:

যাকাত ও উশরের খাত একই। যাকাতের ন্যায় উশরও যাকাত গ্রহণের উপযুক্ত অর্থাৎ নেসাবের মালিক নয়, এমন দরিদ্র মুসলিমকে কোনও বিনিময় ছাড়া মালিক বানিয়ে দিতে হবে। তাই সরাসরি জিহাদ অথবা অন্য কোনও দীনী কাজে উশর দেওয়া যাবে না। অবশ্য যদি মুজাহিদ কিংবা দীনী কাজের কর্মীদের মধ্যে যাকাত গ্রহণের উপযুক্ত ব্যক্তি থাকে, তাদেরকে ব্যক্তিগতভাবে উশর দেওয়া যাবে। এছাড়া কোনো সংগঠন বা প্রতিষ্ঠানে দিলে নিশ্চিত হয়ে দিতে হবে, তাদের কাছে যাকাতের খাত আছে কি না। থাকলে তাদের বলে দিতে হবে, এটা উশরের অর্থ, যাতে তারা যথাস্থানে ব্যয় করতে পারেন।-বাদায়েউস সানায়ে: ২/৭৫; ফাতাওয়া শামী: ২/৩৩৯; ফাতাওয়া হিন্দিয়া: ১/১৯০; দুরারুল হুকাম: ১/১৮৯; জাওয়াহিরুল ফিকহ: ৩/৩৬৯; মওসুওয়াহ ফিকহিয়াহ: ২৩/৩২২-৩২৩

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৮-১১-১৪৪৪ হি.

১৮-০৬-২০২৩ ঙ.

